উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

## জানুয়ারি/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: ওবায়দুর রহমান বেলাল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

সভার তারিখ : ৩১ জানুয়ারি ২০২২ খ্রি:।

সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ফেব্রুয়ারি/২০২২ মাস হতে কোভিড-১৯ ভ্যাক্সিনেশন কার্যক্রম স্ব স্ব ইউনিয়নের সিডিউল মোতাবেক অস্থায়ী টিকাদান কেন্দ্র স্থাপন করে জনগণকে টিকা প্রদান করা হবে। উক্ত টিকাকেন্দ্রগুলোতে কোভিড-১৯ ভ্যাক্সিনেশন চলাকালীন সময়ে স্ব স্ব ইউনিয়নের চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সভায় করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ ভ্যাক্সিনেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার লক্ষে স্ব স্ব ইউপি চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় এ উপজেলায় কৃষি যন্ত্রপাতি শেড নির্মাণ করা হবে। যা ইতিমধ্যে অনুমোদন হয়েছে। উক্ত শেড নির্মাণ করার জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ১২০০ স্কয়ার ফিট আয়তনে জায়গা প্রয়োজন এবং প্রকল্প থেকে মাটি পরিক্ষা করার জন্য টীম আসবে মর্মে অবহিত করা হয়েছে। তিনি আরও জানান, উপজেলা কৃষি অফিস ভবন দীর্ঘদিন যাবত মেরামত না করায় বিল্ডিং-এ রং নষ্ট হয়েছে যা দ্রুত রং করার প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ,জামালপুর।<br>২। উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বৎসরের রাজস্ব উদ্বৃত্ত এবং বার্ষিক উন্নয়ন তহবিলের বিপরীতে প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের নিমিত্তে কার্যক্রম গ্রহণ করা হবে | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বৎসরের রাজস্ব উদ্বৃত্ত এবং বার্ষিক উন্নয়ন তহবিলের প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্পগুলো পরীক্ষা নিরীক্ষা করে দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি জানুয়ারি/২০২২ মাসে তাঁর দপ্তরের কার্যক্রমসমূহ:<br>প্রশিক্ষণ = ২১৪ জন<br>খামার রেজিস্ট্রেশন = ০৬ টি<br>রাজস্ব আদায় = ৫৯,৬৪৫/-, চিকিৎসা (গবাদি পশু) = ২৮২৫ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ২০,২৪৪ টি,<br>টিকাদান (গবাদি পশু) = ৩৩৯৬ টি<br>টিকাদান(হাঁস মুরগী) = ৬৬৩০০ টি, কৃত্রিম প্রজনন = ১০৭০ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ৩৫৫ টি।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি/২০২২ মাসে তাঁর দপ্তরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর সহায়তা এ উপজেলায় ৮০(আশি) জন মৎস্যচাষী এবং জেলেদের মাছ চাষের অভিজ্ঞতা বৃদ্ধির জন্য সুষ্ঠুভাবে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর বরাদ্দকৃত অগ্রিম অর্থের বিল ভাউচার সমন্বয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো এবং বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বকেয়া বই বিতরণ, শিশু জরিপ, শিক্ষার্থী ভর্তি, বিদ্যালয় পরিদর্শন এবং মা সমাবেশ কার্যক্রম চলমান আছে এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে নিয়মিত বিদ্যালয় পরিদর্শনসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা শিক্ষা অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে জানুয়ারি/২০২২ মাসে স্থায়ী বন্ধ্যাকরণ-১০ জন, আইইউডি-৩৮ জন, ইমপ্লান্ট-১৫২ জন, ইনজেকশন-৫৯৬ ভায়েল, খাবার বড়ি (সুখী)-৯৬৫৪ চক্র, কনডম-১০৮০২ পিছ, প্রতিষ্ঠানিক ডেলেভারী-১৮ জন, ইসিপি-১৬ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে স্বাস্থ্যসেবার মান জোরদার করাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,মাদারগঞ্জ। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের কোভিড-১৯ টিকা এবং বই বিতরণ কার্যক্রম চলমান আছে। তাছাড়া মাল্টিমিডিয়া ও অনলাইন ক্লাশ জোরদার করার জন্য সকল অভিভাবকদের সচেতন থাকার অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি জানুয়ারি/২০২২ মাসে তাঁর দপ্তরের কার্যক্রমসমূহ:<br>১. অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি খাতে বিভিন্ন স্তরের ৫৫ জন শিক্ষার্থীর তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়েছে।<br>২. রোগী কল্যান সমিতির আওতায় দরিদ্র অসহায় রোগীদের মাঝে বিনামুল্যে ঔষুধ বিতরণ।<br>৩। ক্ষুদ্রঋণ কার্যক্রম অব্যাহত আছে।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ।<br>২। চেয়ারম্যান (সকল)ইউপি মাদারগঞ্জ,জামালপুর। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত PRDP-3 প্রকল্পের বরাদ্দপ্রাপ্ত স্কীমগুলো বাস্তবায়নের জন্য কার্যক্রম চলমান আছে। তাছাড়া অপ্রধান শস্য প্রকল্পের ২৪ জন সদস্যদের মাঝে ৫,১০,০০০/-(পাঁচ লক্ষ দশ হাজার) টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। চলতি মাসে ৭৮,০০০/-(আটাত্তুর হাজার) টাকা ঋণ আদায় হয়েছে এবং ৩৯,০০০/-(উনচল্লিশ হাজার) টাকা সঞ্চয় আদায় হয়েছে। তাছাড়া ৪০ জন সদস্যকে তিন দিনব্যাপী অপ্রধান শস্য বিষয়ে প্রশিক্ষণসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্থারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং টিআর কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পের বিপরীতে ১ম কিস্তিতে খাদ্যশস্য ও নগদ অর্থ ছাড় করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোনান্তে খাদ্যশস্য ও টাকা ছাড় করার বিপরীতে প্রকল্পের কাজের অগ্রগতি এবং গুণগতমান সরেজমিনে পরিদর্শন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জানুয়ারি/২০২২ মাসে অপ্রাতিষ্ঠানিক ভ্রাম্যমান ০২ টি ব্যাচের প্রশিক্ষন কার্যক্রম চলমান হয়েছে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া ঋন আদায় কার্যক্রম চলমান আছে এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় দুটি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: রয়েছে। উক্ত সমিতির অনুকূলে ২(দুই) কোটি ৪০ (চল্লিশ লক্ষ) টাকা ঋন প্রদান করা হয়েছে। তাছাড়া সমিতিতে ২০০ জন সফলভোগী রয়েছে। উক্ত সমিতিতে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের জানুয়ারি/২০২২ মাসের কার্যক্রমসমূহ :<br>১। ভিজিডি : ৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য ৯৪.২৯০ মে:টন চাউল বরাদ্দ পাওয়া গিয়াছে।<br>২। মাতৃত্বকালীন ভাতা : উক্ত কর্মসূচির আওতায় ১১৬৯ জনের ভাতা কার্যক্রম চলমান আছে।<br>৩। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল : উক্ত কর্মসূচির আওতায় মাদারগঞ্জ পৌরসভায় ৪৭৫ জনের ভাতা কার্যক্রম চলমান আছে।<br>তাছাড়া কিশোর-কিশোর ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ০৮ টি ক্লাব স্থাপন করা হয়েছে এবং কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিডি চাউল বিতরণসহ অন্যান্য ভাতা বিতরণ কার্যক্রমে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, মাদারগঞ্জ উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর নতুন ভবন নির্মাণের বরাদ্দ পাওয়া গিয়াছে। ভবনটি নির্মাণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের উত্তর পার্শ্বে এবং জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের বর্তমান ভবনের পূর্ব দক্ষিণ পার্শ্বে জায়গায় নির্মাণের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আলহাজ্ব মির্জা আজম এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা মহোদয়ের পরামর্শক্রমে ভবনটি নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের জানুয়ারি/২০২২ মাসে ভিজিডি ৯৪.২৯০ মে:টন এবং ওএমএস ৪৪.০০০ মে:টন চাউল খাদ্যগুদাম হতে সরবরাহ করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ। | উপ সহকারি পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের জানুয়ারি/২০২২ মাসে প্রকল্পভুক্ত নাবী পাটবীজ উৎপাদনকারী চাষীর মাধ্যমে ৩৫০০ কেজি তোষা পাট উৎপাদিত হয়েছে। উৎপাদিত পাটবীজ কৃষকের প্রয়োজনে ব্যবহার করা যাবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উৎপাদিত তোষা পাটবীজ ব্যবহারের জন্য কৃষকদের সচেতনতা বৃদ্ধি করাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের জানুয়ারি/২০২২ মাসের ঋণ বিতরণ ৭৫.২৫ লক্ষ টাকা এবং আদায় ৬৫.২৭ টাকা হয়েছে। এক্ষেত্রে আদায়ের লক্ষ্যমাত্রা ৯৭%। অপরদিকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় যাতে সদস্যদের নিকট খেলাপি না হয় সেদিকে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২১. | উপজেলা বন বিভাগ | ফরেস্টার, মাদারগঞ্জ, জামালপুর জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তার দপ্তরের জানুয়ারি/২০২২ মাসের<br>ক. MF ঋণ বিতরণ : ৫৯.৬৪ লক্ষ<br>আদায় : ৫৬.১২ লক্ষ<br>SME ঋণ বিতরণ (১) : ৬.৫০ লক্ষ<br>Covid 19 : ৫.০০ লক্ষ<br>ঋণ খেলাপী আদায়ের হার ৩৩% এবং ঋণ আদায়ের হার ৭৫%<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ,জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডোর টু ডোর উঠান বৈঠক কার্যক্রম চলমান আছে। তাছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রাক-প্রাথমিক স্তরের কেন্দ্রগুলো বন্ধ রয়েছে তবে সহজ কুরআন শিক্ষা কার্যক্রম চলমান আছে। শিক্ষকদের দক্ষতা ও গতিশীল করার জন্য ক্লাস্টার ও সাব ক্লাস্টার প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এছাড়াও সাম্পদায়িক সম্প্রতি সুরক্ষায় ইমামদের প্রতি জুম্মায় প্রাক খুতবায় মুসল্লীদের অবহিত করার জন্য সকল মসজিদের ইমামদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সাম্পদায়িক সম্প্রতি সুরক্ষায় ইমামদের প্রতি জুম্মায় প্রাক খুতবায় মুসল্লীদের অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত করা এবং সভার কার্যবিবরণী উপজেলা পরিষদে জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া এ উপজেলায় প্রস্তাবিত ০৭ টি বিভাগের প্রশিক্ষণ গ্রহণের অনুমতি পাওয়া গিয়াছে। উক্ত প্রশিক্ষণের ব্যয় নির্বাহ করার জন্য সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে সরাসরি অর্থ জমা হয়েছে। প্রাপ্ত অর্থের বিপরীতে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে দক্ষতা বৃদ্ধির লক্ষে প্রশিক্ষণ কার্যক্রমের ব্যয় নির্বাহের অগ্রিম উত্তোলিত অর্থের বিল ভাউচার সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউজিডিপি) কে অনুরোধ করা হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউজিডিপি) মাদারগঞ্জ, জামালপুর। |
| | বিবিধ আলোচনা | ক. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ভিজিডি এ্যাপস এর মাধ্যমে এবং ৩০ কেজি বস্তায় বিতরণ করার জন্য স্ব স্ব ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিডি এ্যাপস এর মাধ্যমে এবং ৩০ কেজি বস্তায় বিতরণের কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। ২। চেয়ারম্যান(সকল)ইউপি। |
| | | খ. জনাব ইলিশায় রিছিল, উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা ভূমি অফিস, মাদারগঞ্জ, জামালপুর-এ ব্যবহৃত ভবনটি বহু পুরাতন হওয়ায় জরাজীর্ণ হয়েছে। উক্ত জরাজীর্ণ ভবন ব্যবহারের যেকোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। ভূমি মন্ত্রণালয়, পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-০২, ঢাকা এর ০১ নভেম্বর ২০২১ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫৩.০২২.০১১.১৫-(অংশ-১)-১১০৩ নং স্মারকে উপজেলা ভূমি অফিস নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। সে মোতাবেক উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা ভূমি অফিস এর নতুন ভবন নির্মাণ করার জন্য সভায় প্রস্তাব করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা ভূমি অফিস, মাদারগঞ্জ এর নতুন ভবন নির্মাণে প্রস্তাবিত স্থানে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | ১। সহকারি কমিশনার(ভূমি) মাদারগঞ্জ, জামালপুর। ২। উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সমাপ্ত ঘোষণা করেন।

৩১.০১.২০২২

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

তারিখ ঃ ৩১ জানুয়ারি ২০২২ খ্রি:।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-১১২/০১(৪০)

কার্যার্থে অনুলিপি ঃ

১। উপজেলা ........................................ অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ........................................ সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

৩১/০১/২০২২

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-১১২/০১(০৮) তারিখ ঃ ৩১ জানুয়ারি ২০২২ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ

১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৬। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৮। অফিস কপি।

৩১/০১/২২

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।